

তারিখ... 1.1.JAN 1991

পৃষ্ঠা... ৫... কলাম... ৫...

দৈনিক সংবাদ

৫৪

কুমিল্লায় ছাত্র সংকট

অধিকাংশ বেসরকারী কলেজ বন্ধ হবার পথে

কুমিল্লা, ৮ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।— এ বছর এসএসসি পরীক্ষায় পাসের হার অত্যধিক কম হওয়ার জেলার ৩৩টি বেসরকারী কলেজের উচ্চ মাধ্যমিক শাখায় প্রবল ছাত্র সংকট দেখা দিয়েছে। ফলে অধিকাংশ কলেজ এখন বন্ধ হবার পথে।

এ বছর কুমিল্লা জেলা থেকে প্রায় ৬ হাজার পরীক্ষার্থী এসএসসি উত্তীর্ণ হয়। পরীক্ষায় অংশগ্রহণ করেছিল ২২ হাজারেরও বেশী পরীক্ষার্থী।

পাস করা ৬ হাজার পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজারেরও বেশী ছাত্র ভর্তি হয়েছে সরকারী কলেজে। বাদবাকী কলেজগুলোর জন্য ভর্তি ছাত্র থাকে মাত্র ২ হাজারের মত। এই হিসেবে ৩৩টি বেসরকারী কলেজে গড়ে মাত্র ৬৪ জন ছাত্র ভর্তি হয়েছে। এই সংখ্যার মধ্যে 'ডপ আউট' ও বদশিক্ষিত কারণে হাস পাওয়া ছাত্রদেরকেও ধরা হয়েছে।

ছাত্র সংকটের এই অবস্থায় সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে গ্রামের কলেজগুলো; বিশেষ করে যেসব কলেজে কেবলমাত্র উচ্চ মাধ্যমিক শাখা রয়েছে।

এসব কলেজের অধ্যক্ষদের সাথে আলাপ করে জানা গেছে, ছাত্র সংকটের কারণে জেলার অধিকাংশ বেসরকারী কলেজ বন্ধ হয়ে যেতে পারে। ইতিমধ্যে বেশ কিছু কলেজ আর্থিক সংকটে পতিত হয়েছে এবং শিক্ষকরা তাদের বেতন পাচ্ছেন না।